


**মন্ত্রিপরিষদ বিভাগের অধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর এর প্রশাসনিক কর্মকর্তা [১১তম গ্রেড] পদের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

## বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০১৩.২২-৪০৭

তারিখ : ২১ চৈত্র ১৪৩০ / ০৪ এপ্রিল ২০২৪

**বিষয় : মন্ত্রিপরিষদ বিভাগের অধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর এর প্রশাসনিক কর্মকর্তা [১১তম গ্রেড] পদের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষার তারিখ ও সময়সূচি।**

মন্ত্রিপরিষদ বিভাগের অধীন তোশাখানা ইউনিট, তোশাখানা জাদুঘর এর **প্রশাসনিক কর্মকর্তা** [১১তম গ্রেড] পদের পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে বর্ণিত তারিখ ও সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে :

| লিখিত পরীক্ষার তারিখ ও সময় | পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | ক্রমি: নম্বর | পরীক্ষার কেন্দ্র | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ২৩.০৪.২০২৪ (মঙ্গলবার) দুপুর-১.০০ মিনিট থেকে বিকাল ৪.০০ মিনিট পর্যন্ত | **প্রশাসনিক কর্মকর্তা [১১তম গ্রেড]** বিজ্ঞপ্তির তারিখ: ০৬.০২.২০২২, ক্রমিক নম্বর: ১৯ | ১. | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (৭১ মিলনায়তন), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। | 000001 - 000200 | ২০০ জন |
| | | ২. | বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (হল রুম-২), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। | 000201 - 000300 | ১০০ জন |
| | | ৩. | শেরেবাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা। | 000301 - 800099 | ৭০০ জন |

## পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

২.০ কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোডকৃত প্রবেশপত্রসহ পরীক্ষার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। পরীক্ষার্থীদের অনুকূলে নতুন করে কোনো প্রবেশপত্র প্রেরণ করা হবে না।

৩.০ কোনো পরীক্ষার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে বা বিনষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা টেলিটকের ওয়েবসাইট http://bpsc.teletalk.com.bd থেকে ডাউনলোড করা যাবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৪.০ পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ/ভ্যানিটি ব্যাগ, গহনা-অলঙ্কার, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড/ডেবিট কার্ড এবং এর সদৃশ্য কোনো কিছু, হাতঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক্স ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ্য মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইলেকট্রনিক্স ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় প্রার্থীরা কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না, কান খোলা রাখতে হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫.০ পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট আগে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষাকক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৬.০ **প্রশাসনিক কর্মকর্তা** [১১তম গ্রেড] পদের পরীক্ষার্থীদের বাংলা-৭৫ নম্বর, ইংরেজি-৭৫ নম্বর, সাধারণ জ্ঞান-২৫ নম্বর ও গণিত বিষয়ের-২৫ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ৩ ঘন্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৭.০ **হাজিরা বহির্ভূত কোনা পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

৮.০ **হাজিরা তালিকায় প্রত্যেক পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

৯.০ প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন, তাদেরকে .০৪.২০২৪ তারিখের মধ্যে [অফিস চলাকালীন সময়ে] শ্রুতিলেখকের জন্য কমিশনের ঢাকাস্থ প্রধান কার্যালয়ের পরিচালক, ইউনিট-৭ বরাবর (২ কপি রঙিন ছবিসহ) আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক প্রদান করা হবে।

১০.০ প্রতিবন্ধী পরীক্ষার্থী কর্তৃক কমিশনের দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে কেবল বাংলাদেশ সরকারী কর্ম কমিশন হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। কমিশন হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরীক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

১১.০ **পরীক্ষার্থীদের কেন্দ্রের নির্দিষ্ট কক্ষ ব্যতীত অন্য কক্ষে পরীক্ষা গ্রহণ করা হবে না।**

১২.০ **পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।**

১৩.০ **পরীক্ষার্থীদের একই সাথে ০৪টি বিষয়ের জন্য ০৪টি উত্তরপত্র প্রদান করা হবে। উল্লেখিত বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে।**

১৪.০ হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই হতে হবে।

১৫.০ কোনো পরীক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য [Substantive] ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে-কোনো পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

১৬.০ পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য-সাংবাদিক-গোয়েন্দা সংস্থার সদস্য, বিপিএসসির প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্বপালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করবেন। কমিশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধান তার পরিচয় সম্পর্কে যথাযথভাবে নিশ্চিত হবেন এবং প্রয়োজনে প্রবেশের অনুমতি প্রদান করবেন।

১৭.০ **পরীক্ষার্থীদের সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

৪.৪.২০২৪

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]